

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ২০, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২০শে জুলাই ২০০৮/৫ই শ্রাবণ ১৪১১

এস, আর, ও নং ২৩০-আইন/২০০৮।—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২০৫ আইন/২০০৮, তারিখ ৩রা জুলাই, ২০০৮ ইংরেজী মোতাবেক ১৯শে আষাঢ়, ১৪১১ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য নাটোর জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনাতে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

( ৪৪০৫ )

মূল্যঃ টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা নাটোর জেলার বাগাতিপাড়া উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১০ই শ্রাবণ, ১৪১১ বাংলা মোতাবেক ২৫শে জুলাই, ২০০৪ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি বাগাতিপাড়া মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

### তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	৩ নং বাগাতিপাড়া	পেড়াবাড়িয়া	৬৪	১-৭৯৬, ৭৯৮-৮০৯
(২)	৩ নং বাগাতিপাড়া	টুনিপাড়া	৮২	১-৬১৬, ৬১৮-৭৮১, ৭৮৩-৯২০
(৩)	৩ নং বাগাতিপাড়া	মুরাদপুর	৭৯	১-৫৪৩, ৭০১-১১৭২
(৪)	৩ নং বাগাতিপাড়া	লক্ষণহাটী	৬৩	১-৪৬১
(৫)	৩ নং বাগাতিপাড়া	আরাজী মাড়িয়া	৬১	১-৫৭৫
(৬)	৩ নং বাগাতিপাড়া	সোনাপাতিল	৬৫	১-৪৭৭, ৪৭৯-৬১০
(৭)	৩ নং বাগাতিপাড়া	মাছিমপুর	৬৭	১-৯৩৮
(৮)	৩ নং বাগাতিপাড়া	বিহার কোল	৬০	১-২৩৭
(৯)	৩ নং বাগাতিপাড়া	বারই পাড়া	৫৯	১-১১০৮
(১০)	৩ নং বাগাতিপাড়া	ঘোরলাজ	৬২	১-২৯৮
(১১)	বাগাতিপাড়া	বাগাতিপাড়া	৬৯	৭৮০, ৭৮১

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাবিবুর রহমান খান  
সিনিয়র সহকারী সচিব।